78

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 01 MAR 1998 ...
পৃষ্ঠা ... ১ কলাম ... ৫ ...

# প্রাথমিক শিক্ষক ॥ ২ হাজারের মধ্যে সিলেট বিভাগেই নিয়োগ করা হইবে অর্ধেক

আনোয়ার আলদীন ॥ দেশের সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলিতে চলতি বছর দুই হাজার শিক্ষক নিয়োগ করা হইবে। ইহার বাহিরে বিদ্যালয়গুলিতে ৬ হাজার শূন্যপদে শিক্ষক নিয়োগের যে প্রক্রিয়া চলিতেছে, তাহাও প্রায় শেষ হইয়া গিয়াছে। এই দুই হাজার শিক্ষকের মধ্যে প্রায় অর্ধেকই নেওয়া হইবে সিলেট বিভাগের প্রাথমিক বিদ্যালয়গুলির জন্য। এই নিয়োগের ক্ষেত্রে পূর্বের নীতিমালা অনুযায়ী ৬০ ভাগ মহিলা কোটা, লিখিত ও

(২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

মৌখিক পরীক্ষার প্রক্রিয়া করা হইবে।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সূত্রে জানা যায়, চলতি মার্চ মাসে দুই হাজার শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তির প্রস্তুতি চলিতেছে। বর্তমানে দেশের প্রাথমিক বিদ্যালয়গুলিতে শিক্ষকদের শূন্যপদের সংখ্যা ১২ সহস্রাধিক। প্রতিটি বিদ্যালয়ে সরকারী নীতি অনুযায়ী ৪ জন করিয়া শিক্ষক থাকিবার কথা। কিন্তু অনেক স্কুলে ৪ জন করিয়া শিক্ষক নাই। ইহার মধ্যে সিলেট বিভাগে শূন্যপদের সংখ্যাই বেশী। ১২ হাজার শূন্যপদে শিক্ষক নিয়োগ করা হইবে পর্যায়ক্রমে। উহার অংশ হিসাবে চলতি বছর দুই হাজার শূন্যপদ পূরণ করা হইবে।

গত বছর সরকার প্রাথমিক বিদ্যালয়ের ৬ হাজার শূন্যপদ পূরণের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি দেয়। এই পদের জন্য ৩ লক্ষ ১৩ হাজার ১৪৭ জন প্রার্থী আবেদন করে। আবেদনের ভিত্তিতে গত বছরের ২০শে জুন সারাদেশে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। কিন্তু কর্তৃপক্ষকে হতাশ হইতে হয়। কারণ লিখিত পরীক্ষায় প্রয়োজনীয় সংখ্যক প্রার্থী পাস করিতে ব্যর্থ হয়। পরীক্ষায় পাস করে মাত্র ৫ হাজার প্রার্থী। বর্তমানে ইহাদের মৌখিক পরীক্ষা শেষ পর্যায়ে রহিয়াছে। সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, শতকরা ৬০ ভাগ মহিলা কোটা পূরণ করা সম্ভব হইতেছে না। কারণ এই উত্তীর্ণ ৫ হাজার প্রার্থীর মধ্যে অধিকাংশই পুরুষ প্রার্থী। সংশ্লিষ্ট দপ্তর তাই ৬ হাজার পদ পূরণের জন্য আরও কিছু সংখ্যক প্রার্থীকে বিশেষ বিবেচনায় পাস করাইয়া দিতে পারেন বলিয়া জানা গিয়াছে।